গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ফেব্রুয়ারী ০৯, ২০১৬

বাংলাদেশ সরকার কর্তৃক "The Third Primary Education Development Programme (PEDP-3)" শীর্ষক কার্যক্রম বাস্তবায়নের জন্য জাপান সরকার অনুদান সহায়তা হিসেবে ৪৯০ (চারশত নব্বই) মিলিয়ন জাপানী ইয়েন (সমপরিমাণ আনুমানিক ৩১.৩৯ কোটি টাকা) অনুদান-সহায়তা প্রদান করবে। এ বিষয়ে আজ বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে "বিনিময় নোট" এবং "অনুদান চুক্তি" স্বাক্ষরিত হয়। উক্ত "বিনিময় নোট" এবং "অনুদান চুক্তি" সমূহে বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr. Masato Watanabe "বিনিময় নোট" এবং ঢাকায় নিযুক্ত জাইকা'র প্রধান প্রতিনিধি Mr. Mikio Hataeda "অনুদান চুক্তি"তে স্বাক্ষর করেন।

"The Third Primary Education Development Programme (PEDP-3)" শীর্ষক কার্যক্রমটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২০১১-২০১৭ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। জাপান ২০১১, ২০১২ ও ২০১৩ সালে এ কার্যক্রমে প্রতি বছর ৫০০ (পাঁচশত) মিলিয়ন জাপানী ইয়েন হিসাবে মোট ১৫০০ মিলিয়ন অনুদান-সহায়তা প্রদান করেছে। এটি এ কার্যক্রমে জাপানের চতুর্থ পর্বের অনুদান-সহায়তা। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আধুনিক পদ্ধতিতে গণিত ও বিজ্ঞান পাঠদান বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শ্রেণীকক্ষে শিক্ষার মান উন্নয়ন এ কার্যক্রমের মূল উদ্দেশ্য। এছাড়া শিক্ষার মানোন্নয়নের জন্য পর্যায়ক্রমে সকল প্রাথমিক বিদ্যালয়ে গণিত ও বিজ্ঞান শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট যন্ত্রপাতিও এ কার্যক্রমের আওতায় সরবরাহ করা হবে।

জাপান বাংলাদেশের একক বৃহত্তম দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দেশ। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরী সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা হচ্ছে বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও ঋণ মওকুফ তহবিলের আওতায় জাপান বাংলাদেশকে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান করে আসছে।

(খাদিজা পারভীন)
সিনিয়র সহকারী প্রধান